# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
## পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
## এইচএসসি (বিএমটি) শাখা
www.bteb.gov.bd

স্মারক নং:- ৫৭.১৭.০০০০.৩০২.৩১.০০২.২৪.০৪৭ তারিখ : ২৫-০২-২০২৫ খ্রি.

**এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা-ইন কমার্স পরীক্ষা-২০২৫ এর ফরম পূরনের বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) এবং ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের ১ম ও ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহনে ইচ্ছুক শিক্ষার্থীদের অনলাইনে ফরম পূরণ এবং পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত বর্ণনা মোতাবেক যথাসময়ে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো:

### ১. পরীক্ষার্থীর বিবরণঃ

**নিয়মিত পরীক্ষার্থীঃ (১ম ও ২য় বর্ষ)**

- ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী ২০২৫ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা-ইন-কমার্স ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য হবে।
- ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষে রেজিস্ট্রেশনকৃত এবং ২০২৪ সনে অনুষ্ঠিত ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ২০২৫ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা-ইন-কমার্স ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য হবে।

**অনিয়মিত পরীক্ষার্থীঃ (১ম বর্ষ)**

- যে সকল পরীক্ষার্থী ২০২৪ সনে অনুষ্ঠিত ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করে নাই অথবা অংশগ্রহণ করে ৩ (তিন) বা ততোধিক বিষয়ে (বিএম/বিএমটি, ডিপ্লোমা ইন কমার্স) এবং ৪ (চার)বা ততোধিক বিষয়ে (ভোকেশনাল) অকৃতকার্য হয়েছে তারা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২৫ সনে অনুষ্ঠিতব্য ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। ঐ সকল পরীক্ষার্থী শুধু অকৃতকার্য বিষয়সমূহে পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণীতে কোন শিক্ষার্থী নির্ধারিত হাজিরা না থাকলে বা ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য হলে বা শিক্ষা পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোন কারণে ২০২৪ সনের প্রথম বর্ষ সমাপনী পরীক্ষায় ফরম পূরনে ব্যর্থ হলে, সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২৫ সনে অনুষ্ঠিতব্য একাদশ শ্রেণি বোর্ড সমাপনী পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- যে সকল পরীক্ষার্থী ২০২৪ সনে অনুষ্ঠিত ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় পরিপূরক পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করে এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২৫ সনে অনুষ্ঠিতব্য ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

**অনিয়মিত পরীক্ষার্থীঃ (২য় বর্ষ)**

- যে সকল পরীক্ষার্থী ২০২৪ সনে অনুষ্ঠিত ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করে নাই অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে ; তারা ২০২৫ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য হবে।
- ২০২৩ সনে বা তার পূর্বে ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে কিন্তু ২০২৪ সনের ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষার ফরম পূরণ করে নাই, ঐ সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে সংযোগ ফি প্রদানপূর্বক ২০২৫ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনিয়মিত পরিক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- দ্বাদশ শ্রেণীর কোন শিক্ষার্থী নির্ধারিত হাজিরা না থাকলে বা ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য বা শিক্ষা পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোন কারনে ২০২৪ সনের ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় ফরম পূরনে ব্যর্থ হলে, সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে সংযোগ ফি প্রদানপূর্বক ২০২৫ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনিয়মিত পরিক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

অব্যাহত....

**পরিপুরক পরীক্ষার্থীঃ**

- যে সকল পরীক্ষার্থী ২০২৪ সনে (বিএম/বিএমটি ও ডিপ্লোমা ইন কমার্স) শিক্ষাক্রমের ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অনধিক ২ (দুই) বিষয়ে এবং এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষায় অনধিক ৩ (তিন) বিষয়ে অকৃতকার্য হয়েছে ; তারা ২০২৫ সনে অনুষ্ঠিতব্য ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষার সাথে ১ম বর্ষের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে পরিপূরক পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

**পরীক্ষায় অংশগ্রহণের অযোগ্যতাঃ**

- শিক্ষার্থী ২০২০- ২০২১ শিক্ষাবর্ষ বা -এর পূর্বে রেজিস্ট্রেশনকৃত হলে।
- শিক্ষার্থী ধারাবাহিক (TC, PC) নম্বরে অকৃতকার্য হলে।
- শিক্ষার্থীর বহিঃস্কার সূত্রে আরোপিত শাস্তির মেয়াদ শেষ না হলে।

**সংযোগ ফিঃ**

- যে সকল পরীক্ষার্থী ২০২৪ সনে অনুষ্ঠিত ১ম বর্ষ ও ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় ফরম ফিলাপ করেনি, সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২৫ সনে অনুষ্ঠিতব্য ১ম বর্ষ ও ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। সেক্ষেত্রে পরীক্ষার্থী প্রতি সংযোগ ফি (৩০০/-) টাকা ধার্য হবে।

## ২. পরীক্ষার্থীদের নিকট হতে আদায়যোগ্য ফি সমূহের হার:

**১ম বর্ষ ও ২য় বর্ষ (অনিয়মিত ও অনিয়মিত) পরীক্ষার্থীদের নিকট হতে পরীক্ষার ফি নিম্নরূপ হারে আদায় করতে হবে:**

| ক্রম. | বিবরণ | ফি এর পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ক. | পরীক্ষার ফি (১ম বর্ষ ও ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী | ৮০০/-(আটশত টাকা) | বোর্ডের প্রাপ্য ১০০% |
| খ. | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (১ম বর্ষ ও ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী | ৮০/-(আশি টাকা) | বোর্ডের প্রাপ্য ১০০% |
| গ. | সনদপত্র ফি (শুধুমাত্র ২য় বর্ষ ) প্রতি পরীক্ষার্থী(ইতোপূর্বে ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ না করলে) | ১২০/-(একশত বিশ টাকা) | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ঘ. | বাস্তব প্রশিক্ষণ ফি (১ম বর্ষ ও ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী | ১৫০/-(একশত পঞ্চাশ টাকা) | বোর্ডের প্রাপ্য ৮০/- এবং প্রতিষ্ঠানের প্রাপ্য ৭০/- |
| ঙ. | তাত্তিক কেন্দ্র ফি (১ম বর্ষ ও ২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী | ৫৫০/-(পাঁচশত পঞ্চাশ টাকা) | কেন্দ্র প্রাপ্য ১০০% |
| চ. | ব্যবহারিক কেন্দ্র ফি (১ম বর্ষ ও ২য় বর্ষ) | ১৫০/-(একশত পঞ্চাশ টাকা) | কেন্দ্র প্রাপ্য ১০০% |
| ছ | ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি বিষয়/প্রতি পরীক্ষার্থী | ৩৫/-(পঁয়ত্রিশ টাকা) | কেন্দ্র প্রাপ্য ১০০% |
| জ. | সংযোগ রক্ষাকারী ফি | ৩০০/-(তিনশত টাকা) | বোর্ডের প্রাপ্য ১০০% |

**১ম বর্ষ (পরিপূরক) পরীক্ষার্থীদের নিকট হতে পরীক্ষার ফি নিম্নরূপ হারে আদায় করতে হবে:**

| ক্রম. | বিবরণ | ফি এর পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ক. | পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থী | ৮০০/-(আটশত টাকা) | বোর্ডের প্রাপ্য ১০০% |
| খ. | একাডেমিক ট্রন্সক্রিপ্ট ফি প্রতি পরীক্ষার্থী | ৮০/-(আশি টাকা) | বোর্ডের প্রাপ্য ১০০% |
| গ. | বাস্তব প্রশিক্ষণ ফি প্রতি পরীক্ষার্থী (যদি বাস্তব প্রশিক্ষণে অনুত্তীর্ণ হয়ে থাকে) | ১৫০/-(একশত পঞ্চাশ টাকা) | বোর্ডের প্রাপ্য ৮০/- এবং প্রতিষ্ঠানের প্রাপ্য ৭০/- |
| ঘ. | ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি বিষয়/প্রতি পরীক্ষার্থী | ৩৫/-(পঁয়ত্রিশ টাকা) | কেন্দ্র প্রাপ্য ১০০% |

- পরীক্ষার্থীদের নিকট হতে ব্যবহারিক পরীক্ষা ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অনাভ্যন্তরীণ এবং অভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষকের পারিশ্রমিক প্রতি পরীক্ষার্থী প্রতি বিষয়ে ১৩ টাকা এবং ১২ টাকা হারে পরিশোধ করতে হবে। অবশিষ্ট টাকা প্রয়োজনীয় কাঁচামাল ক্রয়ের জন্য ব্যবহার করতে হবে।
- নিয়মিত প্রত্যেক পরীক্ষার্থীর থেকে ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট ফি বাবদ আদায়কৃত ১৫০/- (একশত পঞ্চাশ) হতে বোর্ডের প্রাপ্য ৮০/- (আশি) বাদ দিয়ে অবশিষ্ট ৭০/- (সত্তর) ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের সঙ্গে সম্পৃক্তদের মধ্যে বন্টন করতে হবে।
- **পরীক্ষার্থীর নিকট হতে কোনভাবেই নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি গ্রহণ করা যাবেনা। এ বিষয়ে সুনির্দিষ্ট প্রমাণ পাওয়া গেলে বিধি মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করা হবে।**
- ট্যাগ অফিসারদের সম্মানি নূন্যতম ৫০০০/- ও অন্যান্য ব্যয় কেন্দ্র ফি থেকে বহন করতে হবে।

অব্যাহত....

**৩. অনলাইনে ফরম পুরণ সংক্রান্ত তথ্য:**

নিম্নোক্ত ছকে বর্ণিত তারিখ অনুযায়ী অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম অবশ্যই সম্পন্ন করতে হবে।

| ক্র: নং | বিবরণ | সময়কাল |
|---|---|---|
| ১. | TC, PC নম্বর এন্ট্রি ও **অনলাইনে ফরম পূরন (১ম বর্ষের ফরম পূরণ ১০-০৩-২০২৫খ্রি: এর পর শুরু হবে)।** | ০২-০৩-২০২৫ খ্রি. হতে ১৭-০৩-২০২৫ খ্রি. |
| ২. | বিলম্ব ফিসহ ফরম পূরণের তারিখ (প্রতি পরীক্ষার্থী ৩০০ টাকা) | ১৮-০৩-২০২৫ খ্রি. হতে ২৩-০৩-২০২৫ খ্রি. |
| ৩. | বিলম্ব ফি ও প্রতিষ্ঠান জরিমানাসহ ফরম পূরণের তারিখ (প্রতি পরীক্ষার্থী ৩০০ টাকা ও প্রতিষ্ঠান জরিমানা ২৫০০/- সহ) | ২৪-০৩-২০২৫ খ্রি. হতে ২৭-০৩-২০২৫ খ্রি. |
| ৪. | সোনালী সেবার মাধ্যমে ফরম পূরণের ফি জমা | ০৭-০৪-২০২৫ খ্রি. হতে ১০-০৪-২০২৫ খ্রি. |

- কোন অবস্থাতেই ছকে বর্ণিত তারিখের ব্যত্যয় ঘটানো যাবে না। ব্যত্যয় ঘটলে প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।
- ফরম পূরণের ফি জমা দেয়ার ক্ষেত্রে সোনালী সেবা Payment Getway (মোবাইল ব্যাংকিং/ব্যাংক একাউন্ট) অথবা Payment Slip ডাউনলোড করে সোনলী ব্যাংকের কাউন্টারের মাধ্যমে জমা দেয়া যাবে।

**৪. প্রবেশপত্র সংশোধনী:**

- রেজিস্ট্রেশন কার্ডে কোনরূপ ত্রুটি থাকলে অবশ্যই তা প্রবেশপত্র ইস্যুর পূর্বে সংশোধন করতে হবে।
- রেজিস্ট্রেশন কার্ডের ভুলের কারণে ভুল প্রবেশপত্র ইস্যু হলে শিক্ষার্থী প্রতি ৫০০/- প্রদানপূর্বক সংশোধিত প্রবেশপত্র ইস্যু করা যাবে।
- সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বোর্ড নির্ধারিত তারিখে প্রবেশপত্র ডাউনলোড ও প্রিন্ট করে পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করবে। প্রবেশপত্র গ্রহণ করার পর তা ঠিক আছে কি না যাচাই করতে হবে। কোন ভুলত্রুটি থাকলে তা পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পূর্বেই নির্ধারিত ৫০০/- টাকা ফি প্রদান পূর্বক সংশোধন করে নিতে হবে।

**৫. বিশেষ শর্তাবলী:**

- সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রবিধান মোতাবেক বিষয় ভিত্তিক উত্তীর্ণমান ও পূর্ণমান সঠিকভাবে যাচাই সাপেক্ষে পরীক্ষার্থীর TC,PC-তে প্রাপ্ত নম্বর online–এ ইনপুট দিতে হবে। প্রতিষ্ঠানের ভুলের কারণে শিক্ষার্থীদের ফলাফল সংক্রান্ত জটিলতার দায়-দায়িত্ব প্রতিষ্ঠানকেই বহন করতে হবে।
- কোন পরীক্ষার্থীর ধারাবাহিকের (TC, PC) নম্বর অনলাইনে প্রেরণ করা না হলে তার ফরম পূরণ করা যাবে না।
- অলিখিত উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র ব্যবহারের হিসাব (প্রতি দিবস/শিফট্) একটি রেজিঃ খাতায় লিপিবদ্ধ করতে হবে। পরীক্ষায় ব্যবহৃত খালি ট্রাংক (দুটি তালা ও ছয়টি চাবি) চূড়ান্ত পরীক্ষা সমাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে বোর্ডের গোপনীয় শাখায় জমা দিতে হবে।
- **ব্যবহারিক চূড়ান্ত পরীক্ষা সমাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে বোর্ডে হাজিরাশীটের মুলকপি রোলের ক্রমানুসারে সাজিয়ে বই আকারে বাধাঁই করে বোর্ডের বিএমটি শাখায় (ভবন-১ এর ১০ তলায়) জমা দিতে হবে।**

❖ অত্র বোর্ডের এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) এবং ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের জন্য প্রণীত শিক্ষা বর্ষপঞ্জির আলোকে উক্ত পরীক্ষার ফরম পূরণ ও পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হল। এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) এবং ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের শিক্ষার্থীদের ফরম পূরণ ও **পরীক্ষা সংক্রান্ত যে-কোনো বিষয়ে বিস্তারিত জানতে প্রয়োজনে বিএমটি শাখার ০১৩২২৮৩০০৩৩, ০১৩২২৮৩০০৩৪ অথবা ০২-৫৫০০৬৫২৯ নম্বরে যোগাযোগ করা যাবে।**

**[বিঃদ্রঃ অন-লাইন সংক্রান্ত কার্যক্রম শেষ দিনে না করাই বাঞ্চনীয়। পরীক্ষার সময়সূচী, প্রবেশপত্র অনলাইন থেকে ডাউনলোড করে প্রিন্ট করা (প্রতিষ্ঠান করবে), পরীক্ষার উত্তরপত্র, বাস্তব প্রশিক্ষণ বই এবং প্রয়োজনীয় ডকুমেন্টস বোর্ড হতে গ্রহণ করার তারিখ পরবর্তীতে বোর্ডের ওয়েব সাইটে বিজ্ঞপ্তি আকারে জানিয়ে দেওয়া হবে।]**

২৫-০২-২০২৫খ্রি:
**( মো: কেপায়েত উল্লাহ)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

অব্যাহত......

স্মারক নং:- ৫৭.১৭.০০০০.৩০২.৩১.০০২.২৪.০৪৭(১৭) তারিখ : ২৫-০২-২০২৫ খ্রি.

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জ্যষ্ঠতার ভিত্তিতে নহে):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত সচিব (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ), বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা

৩. বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৪. জেলা প্রশাসক, সকল জেলা।

৫. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা।

৬. অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান।

৭. উপ পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৮. উপ পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৯. উপ সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১০. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১১. উপ পরিদর্শক (বিএমটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১২. কারিকুলাম বিশেষজ্ঞ (বিএমটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৩. ডকুমেন্টশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৪. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৫. নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৬. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৭. সংশ্লিষ্ট নথি।

২৫-০২-২০২৫খ্রি:

(মো: জাহেদুল কবির খান)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ফোন: ০২-৫৫০০৬৫২৯